




বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার, ১৪ লিংক রোড, পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০
ওয়েবঃ www.pcb.gov.bd, ই-মেইলঃ info@pcb.gov.bd



শোক বার্তা

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের সাবেক সম্মানিত সদস্য ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের প্রাক্তন ছাত্র এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল ইসলাম (বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন নম্বর এ-৮৬৯) এর মৃত্যুতে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের কর্মকর্তা ও কর্মচারী গভীরভাবে মর্মান্বিত ও শোকাভিভূত।

অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল ইসলাম অদ্য ১৭.০৬.২০২২ তারিখ বিকাল ০৩:০০ টায় আকস্মিকভাবে মস্তিষ্কে রক্তক্ষরণজনিত কারণে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

পেশাগত জীবনে তিনি একজন কর্তব্যপারায়ণ, সৎ, দক্ষ, অমায়িক ও আকর্ষণীয় গুণাবলি সম্পন্ন শিক্ষক ও গবেষক হিসেবে শিক্ষার্থী, সহকর্মী ও সর্বপরি সকলের নিকট সমাদৃত ছিলেন। ফার্মেসী শিক্ষার অগ্রগতি ও গুরুত্বপূর্ণ অবদানের জন্য আমরা তাঁর প্রতি কৃতজ্ঞ।

আমরা মরহুমের শোকসন্তপ্ত পরিবারের সদস্য ও স্বজনের প্রতি গভীর সহমর্মিতা ও সমবেদনা জ্ঞাপন করছি এবং পরম করুণাময় মহান আল্লাহ রাব্বুল আলামীনের কাছে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি।

মহান আল্লাহ রাব্বুল আলামীন তাঁকে জান্নাতবাসী করুন।

(মুহাম্মদ মাহবুবুল হক)

সচিব

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল